দৈনিক
আমাদের সময়

তারিখ ০৬ NOV 2017
পৃষ্ঠা ... কলাম ...

# নবম শ্রেণিতে ভর্তি পরীক্ষার ফি ১৭০ টাকা

এম এইচ রবিন ●

নতুন বছরে শিক্ষা প্রতিষ্ঠানে নবম শ্রেণির ভর্তিতে পরীক্ষা নেওয়ার চিন্তা করছে শিক্ষা প্রশাসন। আবেদন ফি ১৫০ টাকার স্থলে আরও এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

## নবম শ্রেণিতে ভর্তি

**(প্রথম পৃষ্ঠার পর)** ২০ টাকা বৃদ্ধির প্রস্তাব করা হচ্ছে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৭-এ।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন বিদেশ সফরে থাকায় নীতিমালা চূড়ান্ত করতে দেরি হচ্ছে বলে জানিয়েছেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) কর্মকর্তারা।

জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয় গত বছরের ভর্তি নীতিমালা জারি করে ৬ নভেম্বর ২০১৬। আজ ৬ নভেম্বর হলেও আরও ১০-১২ দিন বিলম্ব হতে পারে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৭ জারি করতে।

মাউশির সহকারী পরিচালক (মাধ্যমিক-১) সাখায়েত হোসেন বিশ্বাস গতকাল আমাদের সময়কে জানান, নতুন বছরের ভর্তি নীতিমালায় তেমন পরিবর্তন আসবে না। দুয়েকটি বিষয়ে পরিবর্তনের জন্য অধিদপ্তর থেকে খসড়ায় প্রস্তাব থাকবে। এর মধ্যে প্রথমত নবম শ্রেণিতে ভর্তি পরীক্ষা নেওয়া এবং দ্বিতীয়ত আবেদন ফি আগের ১৫০ টাকা থেকে ২০ বৃদ্ধি করে ১৭০ টাকা নির্ধারণ করা।

আবেদন ফি বৃদ্ধির যৌক্তিক কারণ হিসেবে তিনি বলেন, ২০১০ সাল থেকে ১৫০ টাকা করে আবেদন ফি নেওয়া হচ্ছে। সময়ের প্রেক্ষাপটে ২০ টাকা বৃদ্ধি হলে অভিভাবকদের জন্য সমস্যা হওয়ার কথা নয়।